

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২৫৩

পর্ব-১৩: বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - স্ত্রীদের সাথে সদ্ব্যবহার এবং তাদের প্রত্যেকের (স্বামী-স্ত্রীর) পারস্পরিক হক ও অধিকার সংক্রান্ত

আরবী

وَرَوَاهُ ابْنُ مَاجَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ إِلَى قَوْلِهِ: «لَأَهْلِي»

বাংলা

৩২৫৩-[১৬] আর ইবনু মাজাহ-তে ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন "আমার পরিবারের জন্য উত্তম" পর্যন্ত।[1]

ফুটনোট

[1] সহীহ : ইবনু মাজাহ ১৯৭৭, সহীহ আল জামি' ৩৩১৪, সহীহ আত্ তারগীব ১৯২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু মাজাহ গ্রন্থে ইবনু আব্বাস-এর সূত্রে (لَأَهْلِي) বর্ণিত হয়েছে। এতে প্রমাণিত দু'টি হাদীস স্বতন্ত্রভাবে আলাদা আলাদাভাবে বর্ণিত হয়েছে। তাই উভয় হাদীসের মধ্যে মুনাসাবাত বা সম্পর্ক সন্ধানের প্রয়োজন নেই। এ কথার সহায়ক হলো 'আল্লামা সুয়ুত্বীর কথা, তিনি এ পর্যন্তই উল্লেখ করেছেন, অতঃপর তিনি বলেন, তিরমিযী 'আযিশাহ্ (রাঃ) থেকে বর্ণনা করেছেন, ইবনু মাজাহ, ইবনু আব্বাস থেকে, ত্ববারানী মু'আবিয়াহ্ থেকে এবং হাকিমে ইবনু আব্বাস-এর সূত্রে «خَيْرُكُمْ خَيْرُكُمْ لِلنِّسَاءِ» বাক্য ব্যবহার হয়েছে, "তোমাদের মধ্যে ঐ ব্যক্তি উত্তম যে স্ত্রীদের নিকট উত্তম।"

মুসতাদরাক হাকিম গ্রন্থে আবু হুরায়রাহ্ -এর বর্ণনায় «خَيْرُكُمْ خَيْرُكُمْ» "আমার পর তোমাদের মধ্যে ঐ ব্যক্তি উত্তম যে আমার পরিবারের নিকট উত্তম!" উল্লেখ রয়েছে। (মিশকাতুল মাসাবীহ)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68580>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন